

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার কার্যালয়
তারাকান্দা, ময়মনসিংহ।

আইন শৃঙ্খলা বিষয়ক উপজেলা কমিটির কার্যবিবরণী

সভাপতি : জনাব নজরুল ইসলাম নয়ন, উপজেলা ভাইস চেয়ারম্যান, তারাকান্দা, ময়মনসিংহ।

সভার স্থান : ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর অফিস কক্ষ।

সভার তারিখ : ১১/০৯/২০২১ খ্রিঃ,


সময় : সকাল ১০.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট- 'ক'

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা ও সদস্য সচিব তারাকান্দা উপজেলার আইন শৃঙ্খলার উপর বিস্তারিত তথ্য উপস্থাপন করেন।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত
১	সভাপতি জানান যে, বাল্য বিবাহের প্রবণতা বাড়ছে। সকলের সহযোগিতায় আমাদের তা রুখে দাড়াতে হবে এবং বাল্য বিবাহ, নারী নির্যাতন, মাদক এবং স্কুল ড্রপ আউট রোধে ছেলে-মেয়েদের সচেতন করার জন্য সোশ্যাল এ্যাওয়ার্নেস এর মাধ্যমে ব্যাপক প্রচার প্রচারণা বৃদ্ধি করার জন্য তিনি সকলকে অনুরোধ জানান। সভাপতি আরও জানান সম্প্রতি হাইওয়ে রাস্তার উপরে গাড়ি আটকিয়ে মসজিদ ও মাদ্রাসার উন্নয়নের জন্য সাহায্য তুলা হচ্ছে। এতে করে মাদ্রাসার কোমলমতি ছাত্ররা বিভিন্ন সময়ে দুর্ঘটনায় পতিত হয়। তিনি এ পছাটি পরিহার পূর্বক অন্য কোন মাধ্যমে মসজিদ মাদ্রাসার জন্য টাকা উত্তোলন করার জন্য সকল মসজিদ ও মাদ্রাসার প্রধানগণকে আহ্বান জানান। গ) সভাপতি তারাকান্দা উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সকলের সহযোগিতা কামনা করেন এবং প্রত্যেক গুত্রবার জুম্মার নামাযে খুৎবার পূর্বে সন্ত্রাস ও জঙ্গিবাদের কুফল এবং ইসলামে জঙ্গিবাদের কোন স্থান নেই এ বিষয়ে প্রত্যেক মসজিদে ইমামগণকে সক্রিয় ভাবে বক্তব্য প্রদানের জন্য অনুরোধ জানান। তাছাড়া উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা শিক্ষা অফিসারকে বাল্য বিবাহ প্রতিরোধ করার জন্য স্কুলে নজরদারী বৃদ্ধিসহ কোন ছাত্রী স্কুলে অনুপস্থিত থাকলে এ বিষয়ে খোঁজখবর রাখার জন্য নির্দেশনা প্রদান করেন।	সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলার সার্বিক আইন শৃঙ্খলা উন্নতি করার জন্য সচেতনতা বৃদ্ধি করার উপর গুরুত্বারোপ করা হয়। তারাকান্দা উপজেলার কোথায় যাতে স্পর্শকাতর অপরাধ সমূহ সংঘটিত না হতে পারে সংশ্লিষ্ট কর্তৃ পক্ষকে তা নিশ্চিত করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(নজরুল ইসলাম নয়ন)


ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, তারাকান্দা।

তারিখঃ ১১/০৯/২০২১ খ্রি.

স্মারক নং-আইন শৃঙ্খলা/তারাকান্দা/২০২১-

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ২। পুলিশ সুপার, ময়মনসিংহ।
- ৩। উপ-পরিচালক স্থানীয় সরকার, ময়মনসিংহ।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা, ময়মনসিংহ।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, তারাকান্দা, ময়মনসিংহ।
- ৬। অফিসার ইনচার্জ, তারাকান্দা থানা
- ৭। চেয়ারম্যান.....ইউপি, তারাকান্দা, ময়মনসিংহ।


উপজেলা আনসার ও ভিডিপি অফিসার
তারাকান্দা, ময়মনসিংহ।